## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ।০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶১০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ৵০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত-প্রেসে পাইবেন।



৩৮শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—২৮শে ফাল্গুন বুধবার ১৩৫৮ ইংরাজী 12th Mar. 1952 | ৪২শ সংখ্যা



## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩



## অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

জঙ্গিপুর সংবাদ

২৮শে ফাল্গুন বুধবার সন ১৩৫৮ সাল।

## যন্ত্র না যন্ত্রণা ?

ইংরাজের আমল হইতে দেশে নানা রকমের কল আমদানী হইয়া দেশে বেকার সংখ্যা বৃদ্ধি করিতেছে, এই জন্য মানবগণ যন্ত্রকে অনেক ক্ষেত্রে দানব বলিয়া বর্ণনা করে। ২০ জন লোকে যে কাজ সম্পন্ন করিতে পারে না, একটা সামান্য দামের কল সে কার্য্য মানুষ অপেক্ষা পরিষ্কার পরিচ্ছন্নভাবে অল্প সময়ের মধ্যে সম্পন্ন করিতে পারে। যাতায়াতের জন্য যে সব যান ব্যবহৃত হইতেছে, সেগুলি একজন লোকের দ্বারা চালিত হইয়া বহু ব্যক্তির অল্প সময়ে অল্প ব্যয়ে যাওয়া আসা চলিতেছে। একজন সঙ্গতি-পন্ন ধনী সেকালে সম্মানের সঙ্গে কোথাও যাইতে হইলে স্থলপথে পাল্কী এবং জলপথে বজরা বা ভাওলিয়া ব্যবহার করিতেন। পাল্কী বহিতে বাহক বা বেহারা লাগিত সাধারণতঃ ৮ জন, বজরা চালাইতে মাঝি ও দাঁড়ি আবশ্যক হইত। একজন ধনীর গতায়াতের জন্যই ক্ষেত্রবিশেষে ৮ জন ও ১০ জন মেহনতী লোক উদরান্নের সংস্থান করিত। সেকালের এক জমিদারের গল্প বলি—জমিদার বাবুর সন্তান জন্মে না বলিয়া ৺বৈদ্যনাথের মানসা করিয়া একটী পুত্র জন্মিল। জমিদার বাবু একদিন বেড়াইতে বেড়াইতে যে পল্লীতে তাঁর সর্দ্দার বেহারার বাড়ী, সেই পাড়ায় গিয়া দেখিলেন—বৃদ্ধ সর্দ্দার তামাক খাইতেছে, আর তার আটটী পুত্র নূতন ঘর তৈরীর জন্য কেউ বাঁশের বাখারী চাঁছিতেছে, কেউ খড় আঁটি বাঁধিতেছে। জমিদারকে দেখিয়া সকলে নমস্কার করিল। তিনি সর্দ্দারকে জিজ্ঞাসা করিলেন—সর্দ্দার! তোমার ছেলে কয়টী ?

সর্দ্দার—হুজুরের সামনেই আছে এই আটটী।

জমিদার তাদের স্বাস্থ্য দেখিয়া বলিল—বাঃ! বেশ তো তোমার ছেলেরা। আমার একটী ছেলে। তাও দেবতার দুয়োর ধরে এত দিনে হলো।

সর্দ্দার মুনিবকে সবিনয়ে বলিল—হুজুর, ভগবান ঠিকই বিচার করেছেন। সর্দ্দারের এই কথা শুনেই তিনি রেগে বলে উঠলেন—তুমি কি পুণ্য করেছ তোমার ৮টী স্বাস্থ্যবান ছেলে হবে আর আমার একটী ছেলে হবে তাও রোগা হবে আমার কি পাপে ? এইবারে সর্দ্দার জোড়হাত ক'রে বললো ধর্ম্মাবতার, আপনি রাগলে আমাদের স্থান নাই। আমি মুর্খু, কথাটা বুঝিয়ে বলার দোষে হুজুরের কোপ হয়েছে। আমার বলার উদ্দেশ্য হচ্ছে—ভগবান হুজুরকে একটী দিয়েছেন, আর আমাকে আটটী দিয়েছেন ঠিক বিচার ক'রে। হুজুরদের একটী হলেই আমাদের আটটীর দরকার। হুজুরের আটটী হ'লে আমার ৬৪টী বেহারা দিতে হতো। আমাকে হুজুরের খোকা বাবুর জন্য আর বাহিরে যেতে হবে না।

ধনীদের কাজ করে এদেশের মেহনতী লোকেরা খেয়ে পরে বাঁচতো। যত যন্ত্র আমদানী হচ্ছে বেকারের সংখ্যা ততই বেড়ে দেশের যন্ত্রণা বৃদ্ধিই হচ্ছে।

---

## বেআইনী লটারী

প্রয়োজনীয় সরকারী অনুমতি না লইয়াই রাজ্যে প্রায়ই বহু লটারী, র‍্যাফল ইত্যাদি চালান হইয়া থাকে বলিয়া জানিতে পারা গিয়াছে। এইরূপ কাজ সম্পূর্ণ বেআইনী, এবং আইনতঃ দণ্ডনীয়। যাহারা অনুরূপ কাজ করিয়া থাকে তাহাদের বিরুদ্ধে মামলা দায়ের করিবার জন্য ইতিপূর্ব্বেই সরকারী কর্ম্মচারীদের আদেশ দেওয়া হইয়াছে।

জনহিতকর কাজের জন্য লটারী চালাইতে ইচ্ছুক প্রতিষ্ঠানকে অনুমতি দেওয়ার ব্যবস্থা রহিয়াছে, কিন্তু সরকার যে সর্ত্ত আরোপ করিবেন, প্রতিষ্ঠানকে তাহা মানিয়া চলিতে হইবে। অনুমতির জন্য কলিকাতাবাসীরা পুলিশ কমিশনারের মাধ্যমে এবং বাহিরের লোকেরা জেলা শাসকের মাধ্যমে সরকারের নিকট দরখাস্ত করিবেন। পুলিশ কমিশনার বা জেলা শাসক যে সকল খবর বা দলিলপত্র চাহিবেন, দরখাস্তের সঙ্গে সেগুলিও দাখিল করিতে হইবে। যথেষ্ট সময় হাতে রাখিয়া দরখাস্ত দাখিল করা উচিত —সরকারী বিজ্ঞপ্তি

---

## স্থলশুল্ক কর্মচারীদের তৎপরতা

ফেব্রুয়ারী মাসের প্রথম পক্ষে স্থলশুল্ক বিভাগের কর্ম্মচারীরা প্রায় ৩১৪৭৪৲ টাকার ওয়ারিশ ও বেওয়ারিশ মাল আটক করেন। ধৃত জিনিষপত্রের মধ্যে সুপারি, মাদুর, ফাউনটেন-পেন, জুতা, ব্লেড, টর্চ, পাট, সিল্কের সাড়ী, শাঁখা ও সাদা জামার কাপড় উল্লেখযোগ্য।

---

## "স্কুল ফাইনাল" পরীক্ষা

এ বৎসর জঙ্গিপুর কেন্দ্রে নব প্রবর্ত্তিত "স্কুল ফাইনাল" পরীক্ষা শেষ হইল। গত বৎসর অনেকগুলি পরীক্ষার্থী নির্দ্ধারিত নিয়ম-কানুন ও নিয়ন্ত্রণ-নীতি অমান্য করায় বর্ত্তমান বর্ষে এই পরীক্ষা কেন্দ্রটী বন্ধ হইবার উপক্রম হইয়াছিল। পরিচালকসঙ্ঘ, সবিশেষ সুযোগ্য মহকুমা শাসক ও কলেজের অধ্যক্ষ মহোদয়ের ঐকান্তিক চেষ্টায় পরীক্ষা কেন্দ্রটী বজায় আছে। ব্যবস্থাপক ও পরিদর্শকগণের আন্তরিক সহযোগিতায় পরীক্ষা কার্য্য সুষ্ঠুভাবে সম্পন্ন হইয়াছে। দুইদিন দুইটী ছাত্র অসৎপন্থা অবলম্বন করায় যথোচিত শাস্তি পাইয়াছে। কর্ত্তৃপক্ষ অনাচার দমনে দৃঢ়-সংকল্প করায় পরীক্ষা ব্যাপার সুচারুরূপে সম্পন্ন হইয়াছে। ছাত্র, শিক্ষক ও অভিভাবকগণ এ বিষয়ে বিশেষভাবে নজর রাখিলে সকল প্রকার অনাচার লোপ পাইবে।

---

## কৃষি-শিল্প প্রদর্শনী

দীর্ঘ কয়েক বৎসর পর গত ৯ই মার্চ্চ রঘুনাথগঞ্জ 'ম্যাকেঞ্জি পার্কে' জঙ্গিপুরের জনপ্রিয় মহকুমা শাসক শ্রীক্ষিতীশচন্দ্র চক্রবর্ত্তী মহোদয়ের সভাপতিত্বে জঙ্গিপুর কৃষি শিল্প প্রদর্শনীর শুভ উদ্বোধন হইয়াছে। প্রদর্শনী ক্ষেত্রে বিভিন্ন স্থান হইতে বিভিন্ন বিভাগের বহুবিধ জিনিষের সমাবেশ হইয়াছে। প্রত্যেক

বিভাগের সংশ্লিষ্ট ব্যক্তিগণ সাধারণকে বিস্তারিত-ভাবে বুঝাইয়া দিলে প্রদর্শনীর উদ্দেশ্য কিছু সফল হইবে বলিয়া মনে হয়। এইরূপ অনুষ্ঠান ইতঃপূর্ব্বে অধিকতর মনোজ্ঞ হইলেও, এবারে যাহা হইয়াছে তাহা নিতান্ত মন্দ নহে।

## দ্রব্য মূল্য হ্রাস ও স্থানীয় দর

কতকগুলি অত্যাবশ্যক দ্রব্যের মূল্য হ্রাসের সংবাদে বাজারে ও জনসমাজে চাঞ্চল্য প্রকাশ পাইলেও বাস্তবক্ষেত্রে তাহার বিশেষ পরিচয় পাওয়া যায় নাই বা যাইতেছে না। সংবাদপত্রে পাইকারী দর কমিলেও এতদঞ্চলে খুচরা বিক্রীত জিনিষপত্রের দাম আশা ও প্রয়োজন অনুরূপ বিশেষ কিছুই কমে নাই।

## রবি শস্য

রঘুনাথগঞ্জ বাজারে নূতন মসুর, মটর ইত্যাদি রবিশস্য আমদানী হইতেছে। ঐ জাতীয় শস্যের ফলন সন্তোষজনক নহে বলিয়া সংবাদ পাওয়া যাইতেছে।


## বিজ্ঞাপন

জঙ্গিপুর রোড রেল ষ্টেশনের সন্নিকটে দুই কি আড়াই রশি ব্যবধানে আমার স্বত্ব দখলি ৪।০ চারি বিঘা নিষ্কর (লাখেরাজ) হৈমন্তিক ধানী জমি বিক্রয় করিব। ক্রয়েচ্ছুগণ মূল্যাদি সম্বন্ধে সবিশেষ খোঁজ আমার সহিত আলোচনা করিলেই অবগত হইতে পারিবেন। দোকান ঘর, গুদাম প্রভৃতির জন্য পৃথক পৃথক প্লটে উপযুক্ত নজর ও খাজনায় বন্দোবস্ত দিতেও আপত্তি নাই।

যতীন্দ্রমোহন চট্টোপাধ্যায়
রঘুনাথগঞ্জ, চাউলপটী।


Office of the Collector of Murshidabad
Tanks Improvement Department

## Notice.

Sealed tenders are invited for the deepening and re-excavation of 32 tanks and will be received and opened by the undersigned at 1 P.M. on 19.3.52.

2. Tenders should be filed in proper form obtainable free from this office and must be accompanied with a treasury chalan showing deposit of 5% of the estimated cost.

3. The plan and the estimate of work may be seen at any time during office hours.

Sd. N. K. Roy
For Collector of Murshidabad.

## কর ফাঁকি দেওয়া ও বেআইনি আমদানী রপ্তানি করিবার জন্য জনসাধারণের সহযোগিতা প্রার্থনা

কলিকাতাস্থ কেন্দ্রীয় আবগারি ও স্থল শুল্ক কলেক্টর কলিকাতার একজন সহকারী কলেক্টরকে এখানকার কেন্দ্রীয় আবগারি ও স্থল শুল্ক কলেক্-টোরেটের ইনটেলিজেন্স অফিসার নিযুক্ত করিয়াছেন। স্থল শুল্ক ও কেন্দ্রীয় আবগারি শুল্ক ফাঁকি দেওয়া বা বেআইনি আমদানী রপ্তানি সম্বন্ধে সঠিক খবর জনসাধারণ এখন তাঁহাকে জানাইতে পারেন। যিনি খবর দিবেন তিনি নিজে লিখিতভাবে অনুমতি না দিলে কখনই তাঁহার নাম প্রকাশ করা হইবে না। এই বিষয়ে সহযোগিতা করিবার জন্য কর্তৃপক্ষ জনসাধারণকে অনুরোধ করিতেছেন। এই বিষয়ে জনসাধারণকে সকল রকম সাহায্য করিবার জন্য একজন জনসংযোগ অফিসারও নিযুক্ত হইয়াছেন।

—সরকারী বিজ্ঞপ্তি

অশেষ গুণোপেত, নিরভিমান দেশসেবক ও জনমান্য দেশনায়ক, প্রজাবৎসল ও শিক্ষাবিদ, সর্ব্বশ্রেষ্ঠ বাঙ্গালী জমিদার ও কলিকাতা মহানগরীর শ্রেষ্ঠ নাগরিক, সুখ্যাত সাহিত্যিক, সুবক্তা, শিল্পী ও কোবিদ্‌

কাশিমবাজারের স্বর্গগত মহারাজা
শ্রীল শ্রীশচন্দ্র নন্দী, এম-এ, এম-এল-এ'র
অকাল প্রয়াণে

## "শ্রদ্ধাঞ্জলি"

কর্ম্মক্লান্তি দূরিতে কি এবে বিশ্রাম-সুখ লভিবে ব'লে,
সংসারমায়া, প্রিয় পরিজন পরিহরি, প্রিয়, বিদায় নিলে?
এখনও তোমার দীপ্ত জীবন ছিল অবিরাম কর্ম্মময়,
পারেনি করিতে পঙ্গু, অলস, জরায় তোমায় করিতে জয়।
মুক্ত, স্বাধীন, উদার-হৃদয়, ধর্ম্মনিষ্ঠ, ছিলে ধীমান্‌,
তোমার অকাল প্রয়াণে বাংলা আজি হের' শোকে মুহ্যমান।
অশেষ যশঃ ও গুণমণ্ডিত, জ্ঞান-গম্ভীর, ধীর, উদার,
প্রিয়দর্শন, পূত-চরিত্র, সু-সেবক দেশ-মাতৃকার,—
রাজাসনে বসি' হও নাই রাজা, হয়েছিলে রাজা, হে মহারাজ
পিতৃপুণ্যে, আর নিজগুণে, সহৃদয় হ'য়ে, জগৎ মাঝ।
শিক্ষা, শিল্প, সঙ্গীত, ক্রীড়া-কৌতুকে ছিল প্রীতি অসীম,
শাসনে সুধীর, পালনে কোমল-হৃদয় আছিলে মহামহিম।
সরল, উদার অন্তর পরিচয় যে দিয়েছ সকল কাজে
ছবি হ'য়ে তাহা আজো আছে আঁকা অম্লান, চির হৃদয় মাঝে।
সঙ্গীতে তব অনুরাগ, প্রীতি কাব্যে ও চারুকলায় দেখি,
ভগবৎ প্রেমে সমাহিত প্রাণ, গুণ-সমাহার অপূর্ব্ব এ কী।
দাতাকর্ণের সম দানবীর মহারাজ মণি জনক তব,
তাঁরই আদর্শ করিতে পালন, বিলায়েছ প্রেম অকৈতব।
শ্রীমণ্ডিত আছিলে বলিয়া, আখ্যাত ছিলে শ্রীশ নামে,
সার্থক তব হয়েছে সে-নাম, অধিকারী হ'য়ে গুণগ্রামে।
সেরা নাগরিক, বাংলার সেরা জমিদার বলি' আছিলে গণ্য
সেবকের সেরা, বিনয়নম্র, মনীষি সাধারণ অনন্য।
মন্ত্রী হ'য়ে যে দেশ-শাসনের লয়েছিলে সেচ, বর্ত্ম ভার,
নদীমাতৃক বাঙ্গলার কৃষি, সেচ, জলপথ-সংস্কার,
গবেষণা, সারগর্ভ তোমার, অভিমত আজ করিয়া সার,
তোমার যুক্তি করিয়া গ্রহণ হতেছে কাজের সমুদ্ধার।
"মনোপ্যাথি" তব, মনের খোরাক যোগায় স্নিগ্ধ হাস্যরসে,
সূক্ষ্ম তোমার রস-অনুভূতি মণ্ডিত হেরি অশেষ যশে।

[অবশিষ্টাংশ পর পৃষ্ঠায় দেখুন।

( পূর্ব্ব পৃষ্ঠার জের )

তাপসের প্রায় তনুত্যাগ তব, বিনা রোগ-ভোগ
যন্ত্রণায়
লভিলে স্থবির নির্ব্বাণ যেন, নীরবধর্ম্মী সাধক প্রায়।
জ্ঞান গরিমায় ন্যায়-নিষ্ঠায় মহতো মহান্, মহাত্মন্
অশ্রু-অর্ঘ্যে করি স্মরণীয় তোমার অকাল প্রয়াণ-ক্ষণ।
সৌম্য মূর্ত্তি, প্রিয়-বৎসল, সদাশয়, সদানন্দ হে
সরলতা গুণে, প্রীতি-ভাষণে মুগ্ধ করেছ বন্দ্য হে।

শ্রীবিনয়কৃষ্ণ তরফদার, বি-এ,
কবিভূষণ।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

***নিলামের দিন ২১শে এপ্রিল ১৯৫২***

১৯৫১ সালের ডিক্রীজারী

৬৭৩ খাং ডিঃ সেবাইত গোবিন্দদাস নাথ দেং দুর্গাপদ চট্টোপাধ্যায় দিং দাবি ২১৭৮/৯ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ৮৯ শতকের কাত ১৫৮৵০ আঃ ৮০৲ থং ২২৯

৬৮৯ খাং ডিঃ ঐ দেং ভোলানাথ সাহা দিং দাবি ৭৫।৩ থানা ঐ মৌজে জয়রামপুর ১৮১ শতকের কাত ১০।৶১০ আঃ ৩০৲ থং ২৮৮

৫১৩ খাং ডিঃ ঐ দেং প্রণবকুমার দাস দিং দাবি ৪৫।/৬ থানা ঐ মৌজে শ্রীপুর ৩১ শতকের কাত ৪॥৶০ আঃ ১০৲ থং ১৭০৫ ও ১৭০৩

৬০ অন্য ডিঃ ভুজঙ্গভূষণ দাস দিং দেং সৌদামিনী দাসী দাবি ১৩।/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোত-সুন্দর ৩৩ শতকের কাত ৫৵৬ আঃ ৫৲ থং ৯৮ রায়ত স্থিতিবান

৬১ অন্য ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।/০ মৌজাদি ঐ ১৫১ শতকের কাত ৪/৮ পাই আঃ ৫৲ থং ৯৬ ঐ স্বত্ব


১৯৫২ সালের ডিক্রীজারী

৫৭ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং ইউনুষ মণ্ডল দিং দাবি ১১।৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ২৮ শতকের কাত ॥/৮ আঃ ৫৲ থং ২৪৩

৬০ খাং ডিঃ ঐ দেং পঙ্কজকুমার মুখোপাধ্যায় দাবি ১৫৵০ থানা ঐ মৌজে সেগুা জামুয়ার ২৭ শতকের কাত ১॥৵৩ আঃ ৫৲ থং ৭৪৮।২৯




সুরবল্লী




যে সব ডাক্তারেরা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

---

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত